সমকাল

তারিখ ... 30 MAY 2016 ...
পৃষ্ঠা ... 8 ... কলাম ... 2 ... ......

# মাদ্রাসা শিক্ষার্থীদের সব শিক্ষায় শিক্ষিত করতে হবে

———— জাফরুল্লাহ

■ বিশ্ববিদ্যালয় প্রতিবেদক

মাদ্রাসা শিক্ষার্থীদের শুধু ?আরবি নয়, তার সঙ্গে বাংলা, ইংরেজি, গণিতসহ সব শিক্ষায় শিক্ষিত করে ?তুলতে হবে বলে মন্তব্য করেছেন গণস্বাস্থ্য কেন্দ্রের প্রতিষ্ঠাতা ডা. জাফরুল্লাহ চৌধুরী। গতকাল রোববার জাতীয় প্রেস ক্লাবের সামনে 'ইসলামবিরোধী শিক্ষানীতি বাতিল ও বিতর্কিত পাঠ্যসূচি সংশোধনের' দাবিতে এক মানববন্ধনে তিনি এ কথা বলেন। মানববন্ধনটির আয়োজন করে আদর্শ নাগরিক আন্দোলন।

জাফরুল্লাহ চৌধুরী বলেন, 'পাঠ্যপুস্তকে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের পাশাপাশি মওলানা আবদুল হামিদ খান ভাসানী, জিয়াউর রহমান, হযরত আয়েশার (রা.) জীবনের মূল্যবান সময়ের কথা লিপিবদ্ধ করতে হবে। এতে মাদ্রাসা শিক্ষার্থীদের উন্নতি হবে। আর মাদ্রাসা শিক্ষার আধুনিকায়ন করলে ইসলাম নিয়ে এক শ্রেণীর মানুষের অযথা সমালোচনা কমে যাবে।' তিনি আরও বলেন, 'বাংলাদেশে ৯০ ভাগ মানুষ মুসলমান। এ দেশে অন্য ধর্মের সংখ্যালঘুরাও রয়েছে। তবে এ ক্ষেত্রে বিতর্কিত শিক্ষানীতির মাধ্যমে মুসলমানদের ইতিহাস-ঐতিহ্য ধ্বংস করে দেওয়া যাবে না। তাই সরকারের উচিত এ শিক্ষানীতি বাস্তবায়ন থেকে সরে আসা।' মানববন্ধনে আরও বক্তব্য দেন আদর্শ নাগরিক আন্দোলনের আহ্বায়ক মাহমুদুল হাসান, বিএনপির বিদায়ী নির্বাহী কমিটির সদস্য অ্যাডভোকেট আবেদ রেজা, খেলাফত আন্দোলন বাংলাদেশের যুগ্ম মহাসচিব মাওলানা মুজিবুর রহমান প্রমুখ।